

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০০০.০০৮.৪০.৪৭৭.১৮(পার্ট-৬)/৩৯৭

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ


ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ, মেরামত ও সংস্কার, আসবাবপত্র সরবরাহ ইত্যাদি পূর্ত/সরবরাহ কাজ বাস্তবায়নের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট (দ্বিতীয় সংশোধন) আইন, ২০০৯ ও সর্বশেষ সংশোধন ২০২৫ মোতাবেক অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা মূল্যের অভ্যন্তরীণ কার্য এবং পণ্য (আসবাবপত্র) ক্রয়ের ক্ষেত্রে দরপত্র প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে দ্বিতীয় ধাপে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য **অনলাইনে 'এ- ওয়ান (এ-১)' শ্রেণির ঠিকাদার তালিকাভুক্ত** করা হবে।

১	মন্ত্রণালয়/ বিভাগ	:	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ শিক্ষা মন্ত্রণালয়
২	সংস্থা	:	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৩	আবেদন ফরমের মূল্য	:	১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)
৪	অনলাইনে আবেদন পত্রের জন্য লগ-ইন এড্রেস	:	www.eedmoe.gov.bd
৫	আবেদন ক্রয়ের শুরুর তারিখ	:	২০/০৪/২০২৬খ্রি.
৬	আবেদন ক্রয়ের শেষ তারিখ	:	৩০/০৪/২০২৬খ্রি.
৭	আবেদন পত্র দাখিলের সর্বশেষ তারিখ	:	৩০/০৪/২০২৬খ্রি.

অনলাইনে ঠিকাদারি লাইসেন্স নতুন তালিকাভুক্তির পদ্ধতি ও শর্তাবলি:

- শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট (<https://eedmoe.gov.bd/>) রাইট মেনুতে অবস্থিত “**ঠিকাদার তালিকাভুক্তি**” নামে লিংকে রেজিস্ট্রেশন ও লগইন করে অনলাইন তালিকাভুক্তির আবেদন ফরম ক্রয়, পূরণ, প্রয়োজনীয় দলিলাদি আপলোড ও দাখিল করতে হবে।
- তালিকাভুক্তি আবেদন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা কোড নং- ১২৫০৩০১ ১০৯৯৭২-১১০০০০০০০-১১০০১০০০-১৪২২১৯৯ (অন্যান্য লাইসেন্স ফি) ‘এ চালান’ এর মাধ্যমে জমা দিয়ে সংশ্লিষ্ট তথ্য অনলাইনে আপলোড করতে হবে।
- নতুন তালিকাভুক্তির জন্য অনলাইনে আবেদন নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য পূরণ ও দলিলাদি আপলোড করতে হবে।
- তালিকাভুক্তির জন্য নির্বাচিত ঠিকাদারি প্রতিষ্ঠানকে পিপিআর-এর বিধান মোতাবেক অফেরতযোগ্য ৫,০০০/- টাকা (মহিলা উদ্যোক্তা ও মালিকানার ক্ষেত্রে ৩,০০০/- (তিন হাজার টাকা) তালিকাভুক্তি ফি কোড নং: ১২৫০৩০১ ১০৯৯৭২-১১০০০০০০০-১১০০১০০০ -১৪২২২০২ (ফার্ম ও কোম্পানি নিবন্ধন ফি) এবং বিধি মোতাবেক ভ্যাট তালিকাভুক্তি ভ্যাটের কোড নং- ১১৪১১০১ বরাবর “এ চালান” এর মাধ্যমে জমা দিয়ে তালিকাভুক্তি নিশ্চিত করতে হবে। ঠিকাদার তালিকাভুক্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ ঠিকাদার তালিকাভুক্তি ফি জমাদানের চালান কপি ও ৬০০ টাকার মূল স্ট্যাম্প ডাকযোগে বা সরাসরি প্রশাসন শাখায় দাখিল করবেন।
- আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি আবেদনের সাথে আপলোড করতে হবে:
 - হালনাগাদ নবায়নকৃত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সের ছায়ািলপি;
 - হালনাগাদ নবায়নকৃত ই-টিআইএন (আয়কর সনদ) এর ছায়ািলপি;
 - ভ্যাট রেজিস্ট্রেশনের ছায়ািলপি;
 - জাতীয় পরিচয়পত্রের ছায়ািলপি;
 - ব্যাংক লেনদেনের বিবরণীর (বিগত ১ বছরে কমপক্ষে ১ দিনের ২০.০০ লক্ষ টাকার স্থিতিসহ) ছায়ািলপি (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোনো তফসিলি ব্যাংক হতে);
 - প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি - ০২ কপি;
 - আবেদনকারীর স্থায়ী ঠিকানা ক্রয়কারীর সাথে চুক্তি সম্পাদনের বিষয়ে কোনো আদালত কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা তার কোনো কর্মচারীর উপর বিধি-নিষেধ আরোপ করা হয়নি-এ মর্মে আইনগত সক্ষমতার সমর্থনে হলফনামা (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প নোটারি পাবলিক কর্তৃক);
 - ফরমের নমুনা অনুযায়ী (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প) ঘোষণাপত্র;
- ঠিকাদার তালিকাভুক্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠান হলফনামা (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প নোটারি পাবলিক কর্তৃক) ও ফরমের নমুনা অনুযায়ী (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প) ঘোষণাপত্রের মূল স্ট্যাম্প ডাকযোগে বা সরাসরি প্রশাসন শাখায় জমাপূর্বক তালিকাভুক্তি সনদ গ্রহণ করবেন।
- কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ অসম্পূর্ণ আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- স্মারক নং- ৩৭.০৭.০০০০.০০০.০০৮.৪০.৪৭৭.১৮(পার্ট-৬)/৩৯৬, ০২ এপ্রিল ২০২৬খ্রি. তারিখে প্রকাশিত ঠিকাদার তালিকাভুক্তি বিজ্ঞপ্তিটি এতদ্বারা বাতিল করা হলো।


(মো: শहीদুল হক চৌধুরী)
উপপরিচালক (প্রশাসন)
২৬/৪/২০২৬